পাহাড়ি বাঙ্গালির মধ্যে গভীর আস্থা ও বিশ্বাস তৈরি করতে হবে: ওয়াদুদ ভূঁইয়া

খাগড়াছড়ি প্রতিনিধি:

পাহাড়ি বাঙ্গালির মধ্যে গভীর আস্থা ও বিশ্বাস তৈরি করতে হবে বলে জানিয়েছেন খাগড়াছড়ি জেলা বিএনপির সভাপতি ওয়াদুদ ভূঁইয়া। তিনি বলেন, পার্বত্য চট্টগ্রামের উন্নয়নে সকল সম্প্রদায়কে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে। কাউকে তাড়িয়ে একক কোনো সম্প্রদায় এ অঞ্চলে উন্নয়ন করতে পারবেনা। শুক্রবার (১২ জানুয়ারি) ভূয়াছড়িতে এক পথসভায় এসব কথা বলেন তিনি।

গুরুতর অসুস্থ খাগড়াছড়ি জেলা কৃষক দলের সহ-সভাপতি আব্দুল গনি পিসিকে দেখতে সদর উপজেলার ভূয়াছড়িতে গনি পিসির নিজ বাড়িতে যান ওয়াদুদ ভূঁইয়া। পরে সেখানে পথসভা করেন তিনি।

ওয়াদুদ ভূঁইয়া বলেন, বিএনপি ক্ষমতায় থাকলে পার্বত্য অঞ্চলের উন্নয়ন হয়। গত বিএনপি সরকারের আমলে প্রত্যন্ত এ অঞ্চলে রাস্তাঘাট, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপসানালয়সহ বিভিন্ন উন্নয়ন মূলক কাজ করা হয়েছে। ৎ

বর্তমান সরকারের সমালোচনা করে বলেন, দেশে উন্নয়নের নামে হরিলুট চলছে। তাই সকল সম্প্রদায়কে ঐক্যবদ্ধ হয়ে বিএনপিকে ক্ষমতায় আনতে হবে বলেও জানান তিনি।

পথসভায় খাগড়াছড়ি জেলা বিএনপির সহ- সভাপতি কংচাইরি মাস্টার,

মোসলেম উদ্দিন, যুগ্ম সম্পাদক এ্যাডভোকেট মালেক মিন্টু, অনিমেষ চাকমা রিংকু, সাংগঠনিক সম্পাদক এমএন আবসার, আব্দুর রব রাজা জেলা যুবদলের সাধারণ সম্পাদক মাহবুবুল আলম সবুজ, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক ইব্রাহিম খলিল উপস্থিত ছিলেন।